মেহেরপুরের আমঝুপিতে শিশু ও নারী নির্যাতনের প্রতিবাদে মানববন্ধন

বাংলাদেশের বিভিন্ন প্রান্তে শিশু ও নারী নির্যাতনের প্রতিবাদে মেহেরপুরের আমঝুপিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০টার দিকে মউকের প্রধান কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

শিশু ও কিশোরীদের প্রতি সহিংসতা বন্ধের আহ্বান জানিয়ে বক্তব্য দেন মউকের সিনিয়র ম্যানেজার মুরাদ হোসেন ও প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আখতার।

এতে জনপ্রতিনিধি, সাংবাদিক, যুবসমাজের প্রতিনিধি এবং বিভিন্ন শ্রেণি-পেশার প্রায় অর্ধ শতাধিক মানুষ অংশগ্রহণ করেন।

মেহেরপুরে জাতীয় পরিচয়পত্র পরিষেবা স্থানান্তরের প্রতিবাদে মানববন্ধন

জাতীয় পরিচয়পত্র পরিষেবা স্বাধীন নির্বাচন কমিশন হতে সংবিধিবদ্ধ নতুন কমিশনে স্থানান্তরের প্রতিবাদে মানববন্ধন ও অবস্থান কর্মসূচি করেছে নির্বাচন কমিশন অফিসার্স অ্যাসোসিয়েশন মেহেরপুর।

বৃহস্পতিবার (১৩ মার্চ) সকাল ১১টার দিকে মেহেরপুর নির্বাচন কমিশন অ ফিসের সামনে ‘স্ট্যান্ড ফর এনআইডি’ কর্মসূচিতে নির্বাচন কমিশনের কর্মকর্তা ও কর্মচারীরা দুই ঘণ্টার কর্মবিরতি করেন।

সংবাদ সম্মেলনে কর্মকর্তারা বলেন, এনআইডি নিয়ে ব্যবসা করতে দেয়া

হবে না। এনআইডি ধ্বংস হোক আমরা চাই না। সাংবিধানিক অধিকার যেন খর্ব না হয়। ইসিতে দক্ষ জনবল তৈরি হয়েছে।

তারা আরও বলেন, নির্বাচন কমিশনে এনআইডি ডাটাবেইজ নামে কিছু নেই। আছে ভোটার ডাটাবেইজ। বাইপ্রোডাক্ট হিসেবে এনআইডি দেয়া হয়। ভোটার তালিকা থেকে এনআইডি ডাটাবেজ আলাদা করার কোনো সুযোগ নেই।

এ সময় জেলা নির্বাচন অফিসার ওয়ালিউল্লাহ, নির্বাচন অফিসার সৈয়দ আল ইমরান, উচ্চমান সহকারী মাসুদ রানা, হিসাব সহকারি আল-আমিন সহ আরো অন্যান্য কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জনসচেতন মূলক আলোচনা সভা

“দক্ষ যুব গরবে দেশ বৈষম্যহীন বাংলাদেশ” এই প্রতিপাদ্যে মেহেরপুরে শান্তি শৃঙ্খলা উন্নয়নে এবং সামাজিক সচেতনতায় যুবকদের ভূমিকা শীর্ষক জনসচেতন মূলক আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার (১৩ মার্চ) সকাল দশটার দিকে যুব উন্নয়নের আয়োজনে টিটিসির সম্মেলন কক্ষে এই জনসচেতন মূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক এস এম ওবায়দুল বাসারে সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মাকসুদ আকতার খানম।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক তরিকুল ইসলাম ও মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার।

যুব উন্নয়নের ইলেকট্রিক্যাল এন্ড হাউজারিং প্রশিক্ষক আমিনুল ইসলাম সাগরের সঞ্চালনায় এছাড়াও এসময় সিনিয়র প্রশিক্ষক মাহমুদা খাতুন, জেলা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক ইমতিয়াজ

আহমেদ, গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আশাদুরজামান ও মুজিবনগর উপজেলা যুব উন্নয়ন রাকিবউদ্দিন, মৎস্য প্রশিক্ষণ কর্মকর্তা মতিউর রহমানসহ জেলা যুব উন্নয়নের বিভিন্ন কর্মকর্তা- কর্মচারী এবং ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মোটরসাইকেলের ধাক্কায় প্রাণ গেল কৃষকের

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে মোটরসাইকেলের ধাক্কায় ফাজিল মল্লিক (৬৫) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

বুধবার দুপুর আড়াইটার দিকে আমঝুপি বিএডিসি ফার্মের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত ফাজিল হোসেন আমঝুপি দক্ষিণপাড়ার মৃত ইজু মল্লিকের ছেলে। এ ঘটনায় মোটরসাইকেল চালক শ্রাবণ (২০) আহত হয়েছেন। তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, মেহেরপুর মল্লিকপাড়ার ছেলে শ্রাবণ মোটরসাইকেল নিয়ে চুয়াডাঙ্গা যাচ্ছিলেন। অপরদিকে ইজু মল্লিক মাঠের কাজ সেরে বাইসাইকেল যোগে নিজ বাড়িতে ফেরার পথে সড়ক পার হচ্চিলেন। এসময় মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে সাইকেলকে ধাক্কা দিলে ঘটনাস্থলে দুজনেই ছিটকে পড়েন। এতে ঘটনাস্থলেই মারা যান কৃষক ইজু মল্লিক। দুমড়ে মুচড়ে যায় দুর্ঘটনা কবলিত মোটরসাইকে ও বাইসাইকেলটি দুমড়ে মুচড়ে যায়।

খবর পেয়ে ফায়ার সার্ভিস ইউনিটের একটি দল ঘটনাস্থলে পৌছে আহত শ্রাবণকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। অপরদিকে, নিহত কৃষকের মরদেহ উদ্ধার করে তার স্বজনরা বাড়ি নিয়ে যায়।

মেহেরপুরে ভোক্তা অধিকারের অভিযান, দুই প্রতিষ্ঠানকে জরিমানা

মেহেরপুর শহরের বড়বাজারে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অভিযান চালিয়ে মেসার্স মেজবা স্টোর ও মেসার্স পংকজ স্টোরের কাছ থেকে ৩৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

বুধবার (১২ মার্চ) সকাল সাড়ে ১০ টার দিকে শহরের বড়বাজারে এ অভিযান পরিচালিত হয়। এসময় নিত্যপ্রয়োজনীয় পণ্যের পাইকারী ও খুচরা বিক্রয়কারী বিভিন্ন প্রতিষ্ঠান তদারকি করা হয়।

অভিযানে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ লঙ্ঘনের অভিযোগে মেসার্স মেজবা স্টোরের মালিক মো: মোহিনুজ্জামান মিতুলকে ৫,০০০ টাকা এবং মেসার্স পংকজ স্টোরের মালিক পংকজ কুমার দাসকে ২৫,০০০ টাকা মোট ৩৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান।

এ সময় তিনি বলেন, মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রয় এবং পণ্য সম্পর্কিত যথাযথ তথ্য না থাকার কারণে এ জরিমানা আদায় করা হয়েছে। এছাড়া, প্রতিষ্ঠান দুটিকে দ্রুত ত্রুটিগুলো সংশোধন করে সঠিকভাবে ব্যবসা পরিচালনার নির্দেশনা দেওয়া হয়েছে।

অভিযানকালে ন্যায্যমূল্যে পণ্য বিক্রয়, অবৈধ মজুদ না করা, সঠিকভাবে মূল্য তালিকা প্রদর্শন, ক্রয়-বিক্রয় ভাউচার সংরক্ষণ এবং মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রয় না করার বিষয়ে সংশ্লিষ্টদের সতর্ক করা হয়।

সার্বিক সহযোগিতায় করেন কৃষি বিপণন কর্মকর্তা ও নিরাপদ খাদ্য কর্মকর্তা মো: তারিকুল ইসলাম, মো: রিয়াজ মাহমুদ, শিক্ষার্থী প্রতিনিধি মো: তামিম ইসলাম, এবং জেলা পুলিশের একটি টিম।

মেহেরপুরে যাকাত প্রদানের গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক সেমিনার

মেহেরপুরে সরকারি যাকাত ফান্ডে যাকাত প্রদানের গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়েছে।

বুধবার (১২ মার্চ) সকাল দশটার দিকে জেলা প্রশাসক আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে সেমিনারে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনীর, জেলা মডেল মসজিদের ইমাম সাদিকুর রহমান, জেলা ইমাম সমিতির সাধারণ সম্পাদক মাওলানা সিরাজ উদ্দীন, মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মাওলানা সিদ্দিকুর রহমান, ইসলামিক ফাউন্ডেশনের সুপারভাইজার আমানুল্লাহ, মাস্টার ট্রেনার মাওলানা আব্দুল হামিদসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি কর্মকর্তা।

মেহেরপুরে পুলিশ ও বিজিবির অভিযানে গ্রেফতার ৭

জামায়াত নেতা হত্যা মামলার এজাহারনামীয় আসামি, আওয়ামী লীগের নেতাসহ বিভিন্ন মামলার পলাতক ৭ আসামিকে গ্রেফতার করেছে পুলিশ।

অপরদিকে, অবৈধভাবে সীমান্ত পার হয়ে ভারতে যাওয়ার সময় হুসাইন নামের এক বাংলাদেশিকে আটক করেছে বিজিবি।

গত ২৪ ঘণ্টায়, সোমবার থেকে মঙ্গলবার (১১ মার্চ) দুপুর পর্যন্ত মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের চলমান বিশেষ অভিযানে এসব আসামি গ্রেফতার হন।

মেহেরপুর সদর থানার বারাদি পুলিশ ক্যাম্পের অভিযানে সদর উপজেলার হিজুলী গ্রামের ৭ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য হাজী আব্দুল জব্বার হত্যা মামলার এজাহারনামীয় আসামি ও মোমিনপুর মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জাব্বারুল ইসলামের ঘরবাড়ি ভাঙচুর মামলার আসামি হিজুলী ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ওয়াহিদুজ্জামান বল্টুকে (৪৪) গ্রেফতার করা হয়।

সোমবার (১০ মার্চ) দিবাগত মধ্যরাতে হিজুলী গ্রামের মিনাপাড়ার নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করে পুলিশ।
এছাড়া, আদালতের পরোয়ানাভুক্ত অপর একজন আসামিকেও গ্রেফতার করেছে পুলিশ।

মুজিবনগর থানা পুলিশের অভিযানে মেহেরপুর জেলা পরিষদের সাবেক সদস্য ও আওয়ামী লীগের নেতা, আনন্দবাস গ্রামের সিরাজুল ইসলামের ছেলে মো. শাহিন উদ্দিন (৪২), নারী ও শিশু মামলা নং ৭৬/২৪-এর আসামি দারিয়াপুর গ্রামের রাজা মিয়ার ছেলে মো. মনিরুল ইসলাম (৩৫), ভবেরপাড়া গ্রামের শরিফুল ইসলামের স্ত্রী মোছা. সুমি খাতুন (২৮), আনন্দবাস গ্রামের আরশাদ আলীর ছেলে মো. রিফাতুল ইসলাম (৪০), এবং গাংনী থানার আমতৈল গ্রামের মৃত হোসেন মোল্লার ছেলে মো. শরিফুল ইসলাম (৩০) (প্রসিকিউশন নং ৭/২৫, ধারা ২৯০ পেনাল কোড) গ্রেফতার হন।

জানা গেছে, গ্রেফতারকৃত ওয়াহিদুজ্জামান বল্টু আওয়ামী লীগ সরকারের ক্ষমতাকালীন সময়ে বিভিন্ন লুটপাট, দুর্নীতি ও খুনের সঙ্গে জড়িত ছিলেন।

মেহেরপুর সদর থানার ওসি শেখ মেসবাহ উদ্দিন ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন।

এদিকে, মেহেরপুর সদর উপজেলার নবীনগর খালপাড়া সীমান্তের ১১৬ নম্বর পিলারের কাছে দিয়ে অবৈধভাবে ভারতে যাওয়ার সময় জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার নাদাগাড়ি গ্রামের মৃত সিরাজুল ইসলামের ছেলে হুসাইন (৪৫) কে আটক করেছে বিজিবি।

আজ মঙ্গলবার (১১ মার্চ) সকালে বুড়িপোতা বিওপি ক্যাম্পের কমান্ডার নায়েব সুবেদার মহিদুল ইসলামের নেতৃত্বে বিজিবির একটি দল তাকে আটক করে।

এ ঘটনায় বাংলাদেশ পাসপোর্ট অর্ডার ১৯৭৩-এর ১১(১)(সি) ধারায় সদর থানায় মামলা দায়ের করা হয়েছে।

গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার (১১ মার্চ) আদালতে নেওয়া হলে বিজ্ঞ বিচারক তাদের জামিন না দিয়ে জেল হাজতে পাঠানোর নির্দেশ দেন।

মুজিবনগরের বাগোয়ান ১ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন ও ইফতার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ১ নং ওয়ার্ড বিএনপি’র ওয়ার্ড সম্মেলন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকাল ৫ টার সময় নাজিরাকোনা গ্রামে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব ও মুজিবনগর উপজেলা বিএনপি’র আহ্বায়ক এ্যাড:কামরুল হাসান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সিনিয়র যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহবায়ক কমিটির সদস্য হাজী মশিউর রহমান। অন্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালি ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক রাইহান কবির, জেলা সেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক সালাউদ্দীন প্রিন্স। মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, বিএনপি নেতা রেজাউল ইসলাম, সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক লিংকন, যুবনেতা ফারুকসহ স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বাগোয়ান ইউনিয়নের ১ নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি হিসাবে মানিকনগর গ্রামের আব্দুল করিম, সাধারণ সম্পাদক হিসাবে নাজিরাকোনা গ্রামের রমজান আলী নির্বাচিত হন।

মেহেরপুরের ২ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন ও ইফতার

মেহেরপুর পৌরসভা ২ নম্বর ওয়ার্ড বিএনপির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেল পাঁচটার দিকে শহরের ২ নম্বর ওয়ার্ডের বোসপাড়ায় এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপি’র সদস্য ইলিয়াস হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ।

এছাড়াও এসময় বক্তব্য রাখেন জেলা বিএনপির সদস্য আলমগীর খান সাতু, রোমানা আহমেদ, খাইরুল বাশার, ওমর ফারুক লিটন প্রমুখ।

জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় এছাড়াও সময় জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লা, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল রহমান লাভলু, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা জিয়া মঞ্চের আহ্বায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, পৌর যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মুস্তাফিজুর রহমান তপন, মোশিউল আলম দ্বীপু, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, বিএনপি নেতা আব্দুল লতিফ, জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য ফুর্তি হাসান, নাহিদ আহমেদ, আবুল হাশেম, সৌরভসহ ২ নং ওয়ার্ড বিএনপির নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরের ২ নম্বর ওয়ার্ড সম্মেলনে নতুন কমিটি গঠিত হয়েছে। এতে সভাপতি হিসেবে সাঈদ আহমেদ, সিনিয়র সহ-সভাপতি আব্দুল মতিন, সাধারণ সম্পাদক ইমন বিশ্বাস, সহ-সাধারণ সম্পাদক আব্দুল সালাম এবং সাংগঠনিক সম্পাদক হিসেবে এনামুল হক দায়িত্ব পালন করবেন।

মেহেরপুরে হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশনের প্রতিষ্ঠাবার্ষিকীতে ইফতার বিতরণ

হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখার প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পথচারী ও সুবিধাবঞ্চিত মানুষদের মাঝে ইফতার বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার বিকেল ৫ টার দিকে শহরের পৌর ঈদগাহ পাথর গেটের সামনে প্রায় ২০০ পথচারী ও সুবিধাবঞ্চিত মানুষের মাঝে এ ইফতার বিতরণ করা হয়।

সংগঠনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মাহফুজুর রহমানের সার্বিক সহযোগিতায় ইফতার বিতরণ কার্যক্রম পরিচালিত হয়। এ সময় উপস্থিত ছিলেন সংগঠনের প্রেসিডেন্ট আহমেদ হুসাইন, ভাইস প্রেসিডেন্ট ফারহান ইশরাক, জেনারেল সেক্রেটারি সুমাইয়া শিমু, ফাইন্যান্স অফিসার আল কামা সিদ্দিকী, প্রজেক্ট অফিসার মোবারক হুসাইন, পাবলিক রিলেশন অফিসার ফারদিন ইসলাম এবং সদস্য আদিবা, দোহা, নিপুণ, জিহাদ, আলফি ও জাবাল।

সংগঠনের নেতারা জানান, হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশন সমাজের প্রতিটি মানুষের কল্যাণে কাজ করার লক্ষ্য নিয়ে এগিয়ে যাচ্ছে। অসহায়, দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোই তাদের মূল উদ্দেশ্য। প্রতিষ্ঠার পর থেকেই সংগঠনটি বিভিন্ন সামাজিক ও মানবিক কার্যক্রম পরিচালনা করে আসছে। ভবিষ্যতেও এমন সেবামূলক কার্যক্রম

অব্যাহত রাখার পরিকল্পনা রয়েছে তাদের।
তারা আরও বলেন, “আমাদের সমাজের প্রতিটি মানুষের উচিত একে অপরের পাশে দাঁড়ানো। আমরা চেষ্টা করছি আমাদের সামর্থ্যের মধ্যে অসহায় মানুষের মুখে হাসি ফোটাতে। ভবিষ্যতে আরও বৃহৎ পরিসরে মানবসেবামূলক কর্মকাণ্ড পরিচালনা করতে চাই।”

সমাজের সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর এই মহতী উদ্যোগের মধ্য দিয়ে হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখা তাদের প্রথম বর্ষপূর্তি উদযাপন করলো। ভবিষ্যতে আরও বড় পরিসরে মানবতার কল্যাণে কাজ করার প্রতিশ্রুতি ব্যক্ত করেছে সংগঠনটি।